জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার

অতীব জরুরী

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৩(অংশ-৩).৫০৮

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

ফ্যাক্স : ৯১৮০৭৮২

ই-মেইল : mihir_sm@yahoo.com

ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৯১৮০৬৫৩ (অফিস)

প্রেরক : **মিহির সারওয়ার মোর্শেদ**
উপ-সচিব
নির্বাচন পরিচালনা-১

প্রাপক : ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও রিটার্নিং অফিসার
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক, ...(সকল)
ও
রিটার্নিং অফিসার

পরিপত্র-১২

বিষয় : দশম জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণের সময়সীমা সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি, ভোটগ্রহণ বন্ধ ঘোষণা, পুনঃভোটগ্রহণ, পুনঃনির্বাচন, স্বচ্ছ ব্যালট বাক্স ব্যবহার, প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত পোস্টার প্রদর্শন, ভোটকেন্দ্রে প্রবেশাধিকার, সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশনে ফলাফল প্রেরণ

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ২৪ এ উল্লেখ রয়েছে যে, রিটার্নিং অফিসার, নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, ভোটগ্রহণের সময় নির্ধারণ করে গণ-বিজ্ঞপ্তি জারী করবেন। আগামী ২৪ পৌষ ১৪২০/ ০৫ জানুয়ারি ২০১৪ তারিখ রবিবার সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে। সুতরাং আপনি ভোটগ্রহণের দিন ও সময় উল্লেখ করে প্রত্যেক নির্বাচনি এলাকার জন্য ২৬ ডিসেম্বর ২০১৩ তারিখের মধ্যে গণবিজ্ঞপ্তি জারি করবেন এবং তার একটি অনুলিপি নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন।

২। **প্রিজাইডিং অফিসার কর্তৃক ডাকযোগে সরাসরি নির্বাচন কমিশনে ভোট গণনার বিবরণী প্রেরণ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৬ এর দফা (১৫) এর বিধান অনুসারে **প্রিজাইডিং অফিসার** ভোট কেন্দ্র হতে সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশনে ভোট গণনার বিবরণীর ১(এক) কপি প্রেরণ করবেন। এর জন্য প্রতি কেন্দ্রে ২টি করে বিশেষ খাম সরবরাহ করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রয়োজনীয় সংখ্যক মুদ্রিত খাম রিটার্নিং অফিসারগণের নিকট প্রেরণ করা হবে। ভোটগ্রহণের দিন পোস্ট অফিসসমূহ যাতে সারা রাত্র খোলা রেখে বিশেষ খাম নির্বাচন কমিশন সচিবালয়ে পৌছানোর ব্যবস্থা করে তার জন্য ডাক বিভাগকে বিশেষ নির্দেশনা প্রদান করা হবে।

৩। **ভোটগ্রহণ বন্ধ ঘোষণা:** যদি কোন সময় প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে ভোটগ্রহণ বিঘ্নিত বা বাধাগ্রস্ত হয় এবং তা ভোটগ্রহণের জন্য নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় শুরু করা সম্ভব না হয়, তা হলে তিনি অবিলম্বে ভোটগ্রহণ বন্ধ করে দেবেন এবং রিটার্নিং অফিসারকে তা অবহিত করবেন। ভোটকেন্দ্রে ব্যবহৃত কোন স্বচ্ছ ব্যালট বাক্স প্রিজাইডিং অফিসারের হেফাজত হতে বেআইনীভাবে অপসারণ করা হলে বা দুর্ঘটনাক্রমে ক্ষতিগ্রস্ত হলে বা ইচ্ছাকৃতভাবে নষ্ট করা হলে বা হারিয়ে গেলে বা এরূপ হস্তক্ষেপ হলে যে ক্ষেত্রে উক্ত ভোটকেন্দ্রের ফলাফল নির্ধারণ করা যাবে না, সেক্ষেত্রেও প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণ বন্ধ করে দেবেন এবং রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। রিটার্নিং অফিসার অনতিবিলম্বে উক্ত ঘটনা সম্পর্কে নির্বাচন কমিশনের নিকট একটি প্রতিবেদন পেশ করবেন এবং যথাশীঘ্র সম্ভব, নির্বাচন কমিশনের অনুমোদন নিয়ে নতুনভাবে ভোটগ্রহণের জন্য একটি তারিখ নির্ধারণ করবেন [গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৫]।

৪। **বন্ধ ঘোষিত ভোটকেন্দ্রে পুনঃ ভোটগ্রহণ**: যে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ বন্ধ হবে সেই ভোটকেন্দ্রের ফলাফল ব্যতীত যদি উক্ত নির্বাচনি এলাকার ফলাফল বাকী ভোটকেন্দ্রের ফলাফল দ্বারা নির্ধারিত না হয়, তা হলে নির্বাচন কমিশন উক্ত ভোটকেন্দ্রে পুনঃ ভোটগ্রহণের জন্য রিটার্নিং অফিসারকে নির্দেশ প্রদান করবেন। রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনের নির্দেশক্রমে উক্ত ভোটকেন্দ্রে/ভোট কেন্দ্রসমূহে ভোটগ্রহণের জন্য একটি দিন ও সময় ধার্য করে গণবিজ্ঞপ্তি জারি করবেন। মনে রাখবেন, এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রাধীন সকল ভোটার ভোট দিতে পারবেন এবং বন্ধ ঘোষিত নির্বাচনে ভোট গণনা করা যাবে না।

৫। **ডাকযোগে ভোটদান**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ অনুসারে ডাকযোগে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের ব্যবস্থা রয়েছে। কোন্ কোন্ শ্রেণীর ভোটারগণ ডাকযোগে ভোট দিতে পারবেন এবং কি পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগ করবেন তা উক্ত অনুচ্ছেদে উল্লেখ রয়েছে। এ সম্পর্কে রিটার্নিং অফিসারের করণীয় কি তাও বিশদভাবে উক্ত অনুচ্ছেদে বিধৃত হয়েছে। ডাকযোগে ভোটদান সম্পর্কে গত ২৮ নভেম্বর ২০১৩ তারিখে জারীকৃত **পরিপত্র-৩** এর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে।

৬। **স্বচ্ছ ব্যালট বাক্স**: ভোটগ্রহণের জন্য স্বচ্ছ ব্যালট বাক্স ব্যবহার করা হবে। এ সকল ব্যালট বাক্স ব্যতীত অন্য কোন প্রকার বাক্স ব্যবহার করা যাবে না। কোন ভোটকক্ষে একই সময়ে একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাবে না। যখন একটি বাক্স ভর্তি হয়ে যাবে তখন উক্ত বাক্সটি উপস্থিত সকলের সামনে সিল করে (লক করে) নিরাপদ স্থানে রাখতে হবে এবং ভোটকক্ষে ঐ বাক্সের স্থলে নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে অন্য একটি স্বচ্ছ ব্যালট বাক্স ভোটগ্রহণের জন্য রাখতে হবে। স্বচ্ছ ব্যালট বাক্সটি এমন স্থানে রাখতে হবে যা উপস্থিত প্রার্থী, নির্বাচনি এজেন্ট, পোলিং এজেন্ট ও ভোটকেন্দ্রে কর্মরত ভোটগ্রহণ কর্মকর্তার দৃষ্টিসীমার মধ্যে থাকে এবং সেখানে ভোটারগণ সহজে পৌঁছতে পারেন।

৭। **প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত পোস্টার প্রদর্শন**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২০(২) এর অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত পোস্টার প্রত্যেক ভোটকেন্দ্রে প্রদর্শন করতে হবে। সুতরাং আপনি অনুগ্রহপূর্বক স্থানীয়ভাবে প্রয়োজনীয় সংখ্যক পোস্টার ছাপিয়ে ভোটকেন্দ্রে প্রদর্শনের জন্য প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণ করবেন।

৮। **ভোটকেন্দ্রে প্রবেশাধিকার সংক্রান্ত পোস্টার প্রদর্শন**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৯ অনুসারে যে সকল ব্যক্তি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারেন অর্থাৎ **ভোটকেন্দ্রে প্রবেশ করবার যোগ্য ব্যক্তিদের তালিকা** সম্বলিত একটি **পোস্টার** নির্বাচন কমিশন কর্তৃক প্রণয়ন করা হয়েছে এবং প্রয়োজনীয় সংখ্যক কপি মুদ্রণ করা হয়েছে। আপনার নির্বাচনি এলাকার ভোটকেন্দ্রের জন্য প্রয়োজনীয় সংখ্যক উক্ত পোস্টার আপনার নিকট প্রেরণের ব্যবস্থা করা হয়েছে। ভোটগ্রহণের দিন ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বেই ভোটকেন্দ্রের গুরত্বপূর্ণ প্রবেশ পথে ও ভোটকেন্দ্রের প্রকাশ্য স্থানে উক্ত পোস্টার প্রদর্শনের জন্য আপনি প্রিজাইডিং অফিসারদের নির্দেশ দিবেন এবং ভোটকেন্দ্রে উপস্থিত থাকার যোগ্য ব্যক্তি ব্যতীত অন্য কেহ যেন ভোটকেন্দ্রে প্রবেশ করতে না পারেন তা নিশ্চিত করতে হবে। কোন অবস্থাতেই অবাঞ্চিত ব্যক্তিকে ভোটকেন্দ্রে প্রবেশ করতে দেয়া যাবে না। আপনি প্রিজাইডিং অফিসারগণকে ভোটগ্রহণ চলাকালে ভোটকেন্দ্রের সার্বিক পরিস্থিতি তদারকি ও নিয়ন্ত্রণ করতে নির্দেশ প্রদান করবেন।

১১-১২-২০১৩

(মিহির সারওয়ার মোর্শেদ)
উপ-সচিব
নির্বাচন পরিচালনা-১

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৩(অংশ-৩).৫০৮

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫. সচিব (আপন/জন বিভাগ), রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব,.. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ান (র‍্যাব), ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
১১. বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর

১২. উপ মহাপুলিশ পরিদর্শক, ...(সকল রেঞ্জ)
১৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ...(সকল)
১৪. যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ...(সকল) ও রিটার্নিং অফিসার
১৮. পুলিশ সুপার, ...(সকল)
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...(সকল)
২০. উপ-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...(সকল)
২৩. উপজেলা নির্বাহী অফিসার, ...(সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. ....ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...(সকল)
২৬. জেলা তথ্য অফিসার, ...(সকল)
২৭. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ...(সকল)
২৯. অফিসার ইনচার্জ, ...(সকল)
৩০. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

২১.১২.১৩

(মোঃ ফরহাদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোনঃ ৯১৮০৭৮৪